

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৯৮৩
আগরতলা, ১৩ জুন ২০১৮

**মাধ্যমিক পরীক্ষার খাতা রিভিউ'র আবেদনপত্র
নির্দিষ্ট তারিখে পৌঁছাতে হবে**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০১৮ সালের মাধ্যমিক পরীক্ষার খাতা রিভিউ করতে ইচ্ছুক পরীক্ষার্থীদের নির্দিষ্ট ফরম এ ১৮ জুন, ২০১৮-র মধ্যে নিজ নিজ বিদ্যালয়ে আবেদনপত্র জমা দিতে হবে। নির্দিষ্ট ফরম বিদ্যালয়ে এবং বোর্ডের ওয়েবসাইট (www.tbse.in)-এ পাওয়া যাবে। বিদ্যালয়সমূহকে রিভিউ-এর আবেদনপত্রগুলি ২১ জুন, ২০১৮-র মধ্যে পর্ষদের অফিসে জমা দিতে হবে। ২০১৮ সালের মাধ্যমিক পরীক্ষায় যারা এক বিষয়ে সাপ্লিমেন্টারী পেয়েছে, তারা যদি সাপ্লিমেন্টারী পরীক্ষায় বসতে চায়, তা হলে তাদের নির্দিষ্ট ফরম ১৯ জুন, ২০১৮-র মধ্যে বিদ্যালয়ে আবেদনপত্র জমা দিতে হবে। সাপ্লিমেন্টারী পরীক্ষার জন্য আবেদন করার নির্দিষ্ট ফরম বোর্ডের ওয়েবসাইট-এ পাওয়া যাবে। বিদ্যালয় কর্তৃপক্ষকে আবেদনপত্রগুলি ২২ জুন, ২০১৮-র মধ্যে বোর্ডের অফিসে জমা দিতে হবে। সাপ্লিমেন্টারী পরীক্ষার তারিখ পরে সংবাদপত্রে বিজ্ঞপ্তি দিয়ে জানানো হবে। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সচিব এক বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানিয়েছেন।
